বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-১৪

তারিখঃ ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেড এর অনুকূলে ১০০% মার্জিনের বিপরীতে ন্যাশনাল ব্যাংক পিএলসি কর্তৃক ঋণপত্র স্থাপন/ চলতি মূলধন প্রদানে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক(৩) ধারা থেকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১২ অক্টোবর ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি-২(আর-১)(ল'রিভিউ)৭১৭/ ২০২৬-৪২০৫ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি:- ০১ (এক)।

মোঃ বায়েজীদ সরকার
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০০৯৫

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি-২(আর-১)(ল'রিভিউ)৭১৭/২০২৬-৪২০৫

২৭ আশ্বিন ১৪৩৩
তারিখঃ --------------------
১২ অক্টোবর ২০২৬

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ন্যাশনাল ব্যাংক পিএলসি-এর ঋণখেলাপি গ্রাহক বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেড-এর অনুকূলে ১০০% মার্জিনের বিপরীতে উক্ত ব্যাংকের মাধ্যমে ঋণপত্র স্থাপন/চলতি মূলধন প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলিসাপেক্ষে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ২৭কক (৩) ধারায় বর্ণিত নিষেধাজ্ঞা আগামী ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত কার্যকর হবে নাঃ

(ক) এই ঋণ-সুবিধার বিপরীতে সরকারের/বাংলাদেশ ব্যাংকের কোনো দায় সৃষ্টি হবে না এবং ভবিষ্যতে ন্যাশনাল ব্যাংক পিএলসি সরকারের/বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে কোনোরূপ আর্থিক সহায়তা দাবি করতে পারবে না

(খ) বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেড-এর সকল আয় একটি নির্দিষ্ট হিসাবে জমা রাখতে হবে এবং সেখান থেকে আনুপাতিক হারে ন্যাশনাল ব্যাংক পিএলসির পাওনা নিয়মিত পরিশোধ করতে হবে।

(মোঃ আনিছুর রহমান)
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক